

বার্ডের ভৌত সুবিধাদি উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)

প্রকল্পের পটভূমি :

ষাট এর দশকে প্রতিষ্ঠিত বার্ডের ভৌত সুবিধাদি বর্তমান চাহিদার আলোকে অপরিপূর্ণ এবং বিদ্যমান ভৌত অবকাঠামো দিয়ে বার্ড কর্তৃক আয়োজিত বিভিন্ন কর্মসূচিতে প্রশিক্ষণার্থীদের প্রয়োজনীয় চাহিদা ও প্রত্যাশা পূরণ করা কষ্টকর হয়ে পড়ে। ক্রমবর্ধমান প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন ও মানসম্মত গবেষণা পরিচালনার জন্য প্রস্তাবিত প্রকল্পটির গুরুত্ব অপরিসীম। উল্লেখ্য যে, বার্ড কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ কোর্সসমূহে প্রতি বছর গড়ে ৫০০০ জন দেশি-বিদেশি প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। প্রতি বছর বার্ড দেশি-বিদেশি উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের জন্য আন্তর্জাতিক প্রশিক্ষণ কোর্স আয়োজন করে থাকে। এছাড়া অনেক দেশি-বিদেশি, সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহ তাদের কর্মসূচি আয়োজনে বার্ডের ভৌত সুবিধাদি ব্যবহার করে থাকে এবং ক্রমেই বার্ড এর ভৌত সুবিধা এর চাহিদা বৃদ্ধি পাচ্ছে। এ প্রেক্ষাপটে বার্ড কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনারসমূহ সংগঠনে আন্তর্জাতিক মানের সুবিধা প্রদান এবং আগত অংশগ্রহণকারীদের আধুনিক সুযোগ-সুবিধা প্রদানের মাধ্যমে বার্ডের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

প্রকল্পের উদ্দেশ্য:

প্রকল্পের প্রধান উদ্দেশ্য হচ্ছে বার্ডের ভৌত সুবিধাদি আধুনিকায়ন ও মান উন্নয়ন যাতে বার্ডের প্রশিক্ষণ, গবেষণা ও প্রায়োগিক গবেষণা সম্পাদনের ক্ষমতা আরো বৃদ্ধি পায়।

প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ নিম্নরূপ

- ✓ বার্ড কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ কোর্সসমূহে অংশগ্রহণকারী দেশি-বিদেশি প্রশিক্ষণার্থীদের প্রয়োজনীয় প্রত্যাশা পূরণকল্পে ভৌত সুবিধাদির সম্প্রসারণ ও আধুনিকীকরণ;
- ✓ প্রশিক্ষণ, গবেষণা ও প্রায়োগিক গবেষণা সম্পর্কিত সকল সুবিধাদির মান উন্নয়ন; এবং
- ✓ প্রশিক্ষণার্থীদের আবাসন ও অন্যান্য সুবিধাদির সম্প্রসারণ।

✓

- **প্রকল্প এলাকা** বার্ড ক্যাম্পাস
মূল: জানুয়ারী ২০১৭-ডিসেম্বর ২০১৯
- **প্রকল্পের মেয়াদ** সংশোধিত: জানুয়ারী ২০১৭-ডিসেম্বর ২০২০
মূল: ৩,৪৩৯.৬৫ লক্ষ টাকা
- **বাজেট** সংশোধিত: ৪,২৬৪.২০ লক্ষ টাকা
জিওবি
- **অর্থায়নকারী সংস্থা**

প্রকল্পের মূল কম্পোনেন্টসমূহ :

১. **আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত ৫ তলা সম্মেলন কাম শ্রেণী কক্ষ ভবন নির্মাণ:** বার্ড এর ভৌত সুবিধা ব্যবহার করে প্রশিক্ষণ কোর্স, ওয়ার্কশপ, সেমিনার সংগঠন করার জন্য সরকারি, বেসরকারি ও আন্তর্জাতিক প্রতিষ্ঠান এর চাহিদা ক্রমেই বৃদ্ধি পাচ্ছে। বার্ড এ বিদ্যমান ভৌত সুবিধা অনেক পুরাতন বিধায় বিভিন্ন স্টেকহোল্ডারের বর্তমান চাহিদা মেটানোর জন্য আধুনিক সুযোগ-সুবিধা সম্পন্ন সম্মেলন কাম শ্রেণী কক্ষ ভবন নির্মাণের উদ্যোগ নেয়া হয়েছে।



২. **আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত হোস্টেল নির্মাণ:** বোর্ড প্রতি বছর একের অধিক আন্তর্জাতিক প্রশিক্ষণ কোর্স এবং কর্মশালা আয়োজন করে। বিদেশি অংশগ্রহণকারী এবং অতিথিদের থাকার জন্য বিদ্যমান হোস্টেল সুবিধা পর্যাপ্ত নয়। বিদেশি এবং উচ্চ পর্যায়ের স্থানীয় অংশগ্রহণকারীদের মানসম্মত আবাসন ব্যবস্থার জন্য আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত পাঁচ তলা হোস্টেল নির্মাণ করার উদ্যোগ নেয়া হয়েছে।



৩. **সুইমিং পুল নির্মাণ:** বোর্ড বিসিএস ক্যাডার কর্মকর্তাদের বিশেষভাবে স্বাস্থ্য ক্যাডারের কর্মকর্তাদের জন্য ফাউন্ডেশন কোর্স পরিচালনা করে ফাউন্ডেশন কোর্সের অংশ হিসেবে সকালে ও সন্ধ্যায় তাঁদেরকে শরীরচর্চা করতে হয়। প্রায়শই অংশগ্রহণকারীগণ সাতার শিক্ষার উপর গুরুত্বারোপ করে সুইমিং পুল নির্মাণের জন্য অনুরোধ জানান। এ প্রেক্ষাপটে একটি সুইমিং পুল নির্মাণ এর উদ্যোগ নেয়া হয়েছে।



8. **তিন তলা স্কুল ভবন নির্মাণ:** ৩৫ বছরেরও পূর্বে বোর্ড ক্যাম্পাসে একটি প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা হয়েছে, সম্প্রতি এটি উচ্চ বিদ্যালয় হিসেবে উন্নীত করা হয়েছে। এ বিদ্যালয়ে ভর্তির জন্য ক্রমবর্ধমান চাহিদার ফলে এ বিদ্যালয়ের ভৌত অবকাঠামোর সুবিধা বৃদ্ধি করা প্রয়োজন। এ লক্ষ্যে একটি তিনতলা স্কুল ভবন নির্মাণের উদ্যোগ নেয়া হয়েছে।



৫. গবেষণা, প্রশিক্ষণ, প্রকল্প ও বিভিন্ন বিভাগের অটোমেশন: বোর্ড এর বিভিন্ন বিভাগের বর্তমান কার্যক্রম পদ্ধতি উন্নত করার পাশাপাশি বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ গঠনের উদ্যোগ এর সাথে সামঞ্জস্য রেখে বোর্ডের বিভিন্ন কার্যক্রম অটোমেশন করার উদ্যোগ নেয়া হয়েছে।

চিত্রে প্রকল্প কার্যক্রম :









